জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
কর্মচারী প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।
www.jbc.gov.bd

সুখে-দুঃখে আপনজন, জীবন বীমা কর্পোরেশন

বীমাকৃত জীবন নিরাপদ জীবন

স্মারকঃ ৫৩.১৯.০০০০.৩০২.১১.০০০.২৪-৭৪৭

তারিখ: ০৮ এপ্রিল, ২০২৫খ্রিঃ

# পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

জীবন বীমা কর্পোরেশনে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | পদের নাম, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৩ (টাঃ১১,০০০- ২৬,৫৯০/-) | ১৭৬টি | অনূর্ধ্ব ৩২ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক পাস। |
| ২. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (টাঃ ৯,৩০০-২২,৪৯০/-) | ১৬৫টি | অনূর্ধ্ব ৩২ বছর | (ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) পাস;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজিতে ২৮ শব্দের গতি। |
| ৩. | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (টাঃ৮,২৫০ -২০,০১০/-) | ১৯৯টি | অনূর্ধ্ব ৩২ বছর | অষ্টম শ্রেণী পাস। |

**আবেদনকারীদের জন্য ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণীয় শর্তাবলি:**

১. (ক) আগ্রহী প্রার্থীগণকে অবশ্যই ওয়েবসাইট http://jbc.teletalk.com.bd এর মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে Online এ রেজিস্ট্রেশন ও ফি জমাদান কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি ও প্রদত্ত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করে আবেদন করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
(খ) গত ০৭-০১-২০২০খ্রিঃ তারিখের ৫৩.১৯.৯০০১.০০২.১১.০৫৭.১৯-৮১ নম্বর স্মারকে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতিপূর্বে যারা আবেদন করেছেন তাদের নতুন করে আবেদনের প্রয়োজন নাই। উল্লেখ্য, পরিচালনা বোর্ডের সিদ্ধান্তক্রমে উক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে ইতিপূর্বে গৃহীত এমসিকিউ ও লিখিত পরীক্ষার ফলাফল বাতিল করা হয়েছে।

২. আবেদনকারীর বয়স:
(ক) ২৮ ফেব্রুয়ারি,২০২৫ তারিখে অনূর্ধ্ব ৩২ বছর।
(খ) অফিস সহায়ক পদে আবেদনের ক্ষেত্রে রীট পিটিশন নম্বর-১১৫৮/২০২০ এর রায়ের প্রেক্ষিতে-জীবন বীমা কর্পোরেশনে দৈনিক মজুরী ভিত্তিক নিয়োজিত ৬৭(সাতষট্টি)জন অফিস সহায়ক কাম পরিচ্ছন্নতা কর্মীর জন্য বয়স শিথিলযোগ্য।
(গ) বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে।

৩. সরকারি/আধা-সরকারি সংস্থা ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৪. <u>আবেদনের সময়সীমা:</u>

৫. (ক) আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৬-০৪-২০২৫খ্রিঃ, সকাল: ১০.০০ ঘটিকা।
(খ) আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় ১৫-০৫-২০২৫খ্রিঃ, বিকেল: ০৫.০০ ঘটিকা পর্যন্ত।
(গ) নির্ধারিত সময়সীমার মধ্যে সরকারি ছুটির দিনসহ ২৪ ঘন্টা অনলাইনে আবেদন ও ফি জমা করা যাবে।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ-
(ক) উচ্চমান সহকারী ও অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ১০০(একশত টাকা) টেলিটকের কমিশন (১০%=১০/-টাকা) ও কমিশনের উপর ভ্যাট (১৫%= ১.৫০টাকা)সহ সাকুল্যে টাঃ ১১২/-(একশত বারো টাকা) জমা দিতে হবে; এবং
(খ) অফিস সহায়ক পদের ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ৫০ (পঞ্চাশ টাকা), টেলিটকের কমিশন (১০%=৫/- টাকা) ও কমিশনের উপর ভ্যাট (১৫%=০.৭৫ টাকা) সহ সাকুল্যে টাঃ ৫৬/-(ছাপ্পান্ন) জমা দিতে হবে।

৬. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক সম্প্রতি (দুই মাসের মধ্যে) তোলা রঙিন ছবি (৩০০×৩০০ পিক্সেল) সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষর (৩০০×৮০ পিক্সেল) সর্বোচ্চ 60 KB Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID এবং ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি (৫নং শর্তানুযায়ী) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: JBC<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: JBC ABCDEF send to 16222
Reply: Applicant's Name, Taka 112/56 will be charged as application fee.
Your PIN is 12345678 to pay fee, type JBC<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: JBC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: JBC Yes 12345678 send to 16222.
Reply: Congratulations! Applicant's Name, payment. completed successfully for examination fee.
User ID is (xxxxxxxx) and password (xxxxxxxx). দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ Password পাবেন। এই Password টি প্রবেশপত্র (Admit Card) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

৭. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://jbc.teletalk.com.bd এ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

৮. প্রার্থীকে তার User ID ও Password ব্যবহার করে ছবি ও স্বাক্ষর সম্বলিত প্রবেশপত্র Admit Card) Download করতে হবে। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

৯. SMS-এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী কালার প্রিন্ট করে নিবেন। প্রার্থীকে এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

১০. টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।
User ID জানা থাকলে JBC<space>Help<space>User<space>User ID & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: JBC Help User ABCDEF & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
PIN Number জানা থাকলে JBC<space>Help<space>PIN<>PIN No. & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: JBC Help PIN 12345678 & Send করতে হবে ১৬২২২ নম্বরে।

১১. JBC নিয়োগ পরীক্ষা-২০২৫ এর বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট http://jbc.teletalk.com.bd ও কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট www.jbc.gov.bd-এ পাওয়া যাবে।

১২. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের দুই মাসের মধ্যে তোলা রঙিন ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ-এর কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃতদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র (সর্বশেষ পরিপত্র অনুযায়ী), মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন, অন্যান্য কোটায় আবেদনকৃতদের সংশ্লিষ্ট সনদপত্র এবং অন্যান্য আনুষাঙ্গিক কাগজপত্রের ১(এক) সেট মূল কপি ও ১(এক) সেট ফটোকপি (সত্যায়িত) সহ Online-এ আবেদনের প্রিন্ট কপি (Applicant's Copy) মৌখিক পরীক্ষার দিন মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১(এক) ঘন্টা পূর্বে দাখিল করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। এ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রিকায়, কর্পোরেশনের নিজস্ব ও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৩. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে কল করুন অথবা vas.query@teletalk.com.bd এবং malekjbc99@gmail.com--এ ইমেইল করুন; (Mail এর subject এ Organization Name :JBC, Post Name: ••••••••, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৪. প্রার্থীগণকে লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৫. সরকার নির্ধারিত সকল কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৬. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৭. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮.০৪.২০২৫
(আবু মোহাম্মদ মহিনুদ্দিন)
জেনারেল ম্যানেজার-প্রশাসন
জীবন বীমা কর্পোরেশন

GA-1245/25 (15x3)